দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 15 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 8 ......

49

# উত্তেজনার মুখে রাজশাহী মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

**আনিসুজ্জামান, রাজশাহী থেকে** ॥ ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের মধ্যে সংঘর্ষ এড়াতে রাজশাহী মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। রবিবার বিকাল ৪টায় রাজশাহী মেডিক্যাল কলেজ একাডেমিক কাউন্সিলের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করে কলেজ কর্তৃপক্ষের এক প্রজ্ঞাপনে আজ সোমবার দুপুর ২টার মধ্যে সকল ছাত্রছাত্রীকে হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়। তবে পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের বিশেষ ব্যবস্থায় হোস্টেলে থাকার অনুমতি দেয়া হতে পারে বলে জানা গেছে।

মেডিক্যাল সূত্র জানায়, গত শনিবার রাতে ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের সাথে বিএমএ নেতৃবৃন্দের আলোচনা ব্যর্থ হবার পর কলেজ কর্তৃপক্ষ পরবর্তী পরিস্থিতি মোকাবিলার জন্য কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে সকল ছাত্রছাত্রীকে হল ত্যাগের নির্দেশ দেয়।

সূত্র আরও জানায়, কলেজ হোস্টেলের ছাত্রছাত্রীদের মাঝে ৩০টি ডেস্ক টেবিল বণ্টনের ঘটনাকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রশিবির কর্মীরা অধ্যক্ষের অফিস ও শিক্ষকদের সম্মেলন কক্ষে ব্যাপক ভাংচুর করে এবং ৫০টি চেয়ার ছিনতাই করে নিয়ে যায়। এদিন রাতে ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের মধ্যে উত্তেজনাকর পরিস্থিতিতে পুলিশ বুধবার ভোরে ছাত্রদল নিয়ন্ত্রিত শহীদ পিংকু হোস্টেল থেকে বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করে। এ সময় ছাত্রদল কর্মীদের হোস্টেল ত্যাগ করার সুযোগে ছাত্রলীগ সব হোস্টেল দখল করে নেয়। বৃহস্পতিবার ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীরা ঘটনার পক্ষে-বিপক্ষে কলেজ ক্যাম্পাসে মিছিল বের করলে উভয় সংগঠনের ধাওয়া পাল্টাধাওয়া ও মৃদু সংঘর্ষ হয়।

এদিকে উভয় সংগঠনের মধ্যে টানটান উত্তেজনাকর পরিস্থিতিতে শনিবার রাতে বিএমএ নেতৃবৃন্দের সাথে উভয় সংগঠনের মধ্যে সমঝোতা চেষ্টা ব্যর্থ হলে কর্তৃপক্ষ কাউন্সিলের সভা আহ্বান করে। সভায় পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে।